

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭১৪ ১৭/ হক ও অধিকার পরিচ্ছেদঃ পিতা-মাতার সাথে সদ্যবহার

## আরবী

وَعَنْ عَبْدِ اللهِ بْنِ عَمرِو بِنِ العَاصِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ: أَقِبلَ رَجُلٌ إِلَى نَبيِّ الله وَقَالَ: أَبْايِعُكَ عَلَى الهِجْرَةِ وَالجِهَادِ أَبْتَغي الأَجْرَ مِنَ الله تَعَالَى قَالَفَهَلْ لَكَ مِنْ وَالِدَيْكَ فَقَالَ: أَبَايِعُكَ عَلَى الهِجْرَةِ وَالجِهَادِ أَبْتَغي الأَجْرَ مِنَ الله تَعَالَى ؟ قَالَ: نَعَمْ قَالَفَارْجِعْ أَحَدٌ حَيُّ ؟ قَالَ: نَعَمْ قَالَفَارْجِعْ إِلَى وَالِدَيْكَ فَأَحْسِنْ صُحُبْتَهُمَا متفقٌ عليه وهذا لَفْظُ مسلِم وَفِيْ رِوَايَةٍ لَهُمَا : جَاءَ رَجُلٌ فَاسْتَأَذَنَهُ في الجِهَادِ فقَالَاحَيُّ وَالِداكَ ؟ قَالَ: نَعَمْ قَالَ فَفِيهِمَا فَجَاهِدْ

## বাংলা

(১৭১৪) আব্দুল্লাহ ইবনে আমর ইবনুল আস (রাঃ) বলেন, এক ব্যক্তি আল্লাহর নবীর নিকট এসে বলল, 'আমি আপনার সঙ্গে আল্লাহ তাআলার কাছে নেকী পাওয়ার উদ্দেশ্যে হিজরত এবং জিহাদের বায়আত করছি।' নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''তোমার পিতা-মাতার মধ্যে কি কেউ জীবিত আছে?'' সে বলল, 'জী হ্যাঁ; বরং দু'জনই জীবিত রয়েছে।' রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''তুমি আল্লাহ তাআলার কাছে নেকী পেতে চাও?'' সে বলল, 'জী হ্যাঁ।' তিনি বললেন, ''তাহলে তুমি তোমার পিতা-মাতার নিকট ফিরে যাও এবং উত্তমরূপে তাদের খিদমত কর।'' (বুখারী ৫৯৭২, মুসলিম ৬৬৭১, আর শব্দগুলি মুসলিমের)

উভয়ের অন্য এক বর্ণনায় আছে, এক ব্যক্তি তাঁর নিকট এসে জিহাদ করার অনুমতি চাইল। তিনি বললেন, ''তোমার পিতা-মাতা কি জীবিত আছে?'' সে বলল, 'জী হ্যাঁ।' তিনি বললেন, ''অতএব তুমি তাদের (সেবা করার) মাধ্যমে জিহাদ কর।'' (বুখারী ৩০০৪, মুসলিম ৬৬৬৮)

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন